

ছাত্রলীগ-ছাত্রদলের সংঘর্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবসের সাংস্কৃতিক অনুষ্ঠান পণ্ড

জেলা স্বাস্থ্য পরিবেশক বরিশাল

বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষের কারণে পণ্ড হয়ে গেছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা ছাত্রলীগের হামলায় আশঙ্কায় ছাত্রদলের নেতাকর্মীদের বিশ্ববিদ্যালয়ের পেছন গেট দিয়ে নিরাপদে সরিয়ে দেয়। ওজরার রাতে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে এ ঘটনা ঘটে।

ওজরার বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয় দিবস পালনের জন্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠান চলাকালে জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবদুল মুজ্জাক ও সাংস্কৃতিক সম্পাদক সামদুশোহা আবিদ তাদের দলবল নিয়ে অনুষ্ঠানস্থলে আসে। অনুষ্ঠানের ওরু থেকেই সামনের সারিতে বসে ছিল ছাত্রদলের হাবিবুর রহমান হাবিব, হাবিবসহ অন্য নেতাকর্মীরা। এ সময় জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজ্জাকের অনুসারী নঈম, প্রিন্সসহ কতিপয় কর্মী অনুষ্ঠানস্থলে এসে ছাত্রদলের নেতাকর্মীদের চেয়ার থেকে উঠে ফেতে বলে। কিন্তু তারা উঠে গেলে রফিক না হওয়ায় উভয়পক্ষের মধ্যে বাস্তবিতা শুরু হয়। পরে একপর্যায়ে তাদের মধ্যে সংঘর্ষ বেধে যায়। কাওজা-পান্ডা ধাওজা চলাকালে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পণ্ড হয়ে যায় সাংস্কৃতিক অনুষ্ঠান। পরে পুলিশ ক্যাম্পাসে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পুলিশের উপস্থিতিতেই ছাত্রলীগ নেতাকর্মীরা পুনরায় সংঘর্ষে হয়ে ছাত্রদল নেতাকর্মীদের ওপর হামলায় চেষ্টা করলে পুলিশ ছাত্রলীগ নেতাকর্মীদের ধাওয়া দিয়ে বেহান থেকে সরিয়ে দেয়। পরে হামলায় আশঙ্কায় ছাত্রদলের নেতাকর্মীরা শিক্ষকদের সহায়তায় পেছন থেকে ক্যাম্পাস ত্যাগ করে। বিশ্ববিদ্যালয়ের ছাত্রদলের নেতা মানুস জ্ঞানান, ছাত্রলীগের নেতাকর্মীরা বহিরাগত ছাত্রলীগ নেতা রাজ্জাক ও তার দলবল নিয়ে চেয়ার দখল করে রাখে। বিষয়টি শিক্ষকদের অবহিত করা হলে ছাত্রলীগ নেতাকর্মীরা ক্ষিপ্ত হয়ে হামলা চালায়। কোতোয়ালি মহল্লা পল্লার ওসি শাব্বাওয়াজ হোসেন জ্ঞানান, অনুষ্ঠান সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তাদের কিছুই জ্ঞান নেই। আগে থেকে এরা অবহিত হলে এ ধরনের অপ্রীতিকর ঘটনা এড়ানো যেত।